# UNIT 08 — My Family, Friends and I
## (মাই ফ্যামিলি, ফ্রেন্ড্স্ আন্ড্ আই)
## আমার পরিবার, বন্ধু-বান্ধব এবং আমি

## UNIT-08 LESSON-01 — Myself
### (মাইসেল্ফ্) – নিজে

### পাঠদান কৌশল

এ Lesson-টি অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা নিজের সম্পর্কে বলতে শিখবে।
**Activity A**-তে শিক্ষক শিক্ষার্থীদের ছবি দেখিয়ে জানতে চাইবেন তারা কী দেখছে। **Activity B**-তে একজন একজন করে শিক্ষার্থীদের নিজেদের পরিচয় দিতে সহায়তা করবেন। **Activity C**-তে শিক্ষক একটি পাঠ্যাংশ পড়ে শোনাবেন এবং তার সাথে বলতে বলবেন। **Activity D**-তে ঐ পাঠ্যাংশটি শিক্ষার্থীদের পড়তে বলবেন। **Activity E**-তে কিছু প্রশ্ন জিজ্ঞেস করতে এবং উত্তর করতে বলবেন। **Activity F**-এ কিছু প্রশ্ন জিজ্ঞেস করে এবং উত্তর দিয়ে সেগুলো খাতায় লিখতে বলবেন।

### অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারবো—
- Asking short and simple questions about others with appropriate gesture. (যথাযথ অঙ্গভঙ্গির মাধ্যমে অন্যদের সম্পর্কে সংক্ষিপ্ত ও সহজ প্রশ্ন জিজ্ঞেস করা।)
- Responding to the short and simple questions about others for getting information. (তথ্য জানতে অন্যদের সম্পর্কে সংক্ষিপ্ত ও সহজ প্রশ্নের উত্তর দেওয়া।)
- Responding to the short and simple questions about others for getting information. (তথ্য জানতে অন্যদের সম্পর্কে সংক্ষিপ্ত ও সহজ প্রশ্নের উত্তর দেওয়া।)
- Getting the specific information provided in simple sentences. (সরল বাক্যে থাকা নির্দিষ্ট তথ্য পাওয়া।)
- Writing familiar words neatly and legibly. (পরিচিত শব্দ পরিচ্ছন্ন ও স্পষ্টভাবে লেখা।)
- Writing simple sentences in correct spelling. (সঠিক বানানে সরল বাক্য লেখা।)

### VOCABULARY (ভক্যাবিউলারি)— শব্দভাণ্ডার

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| brother | ব্রাদা(র) | ভাই |
| draw | ড্র | আঁকা |
| evening | ঈভ্নিং | সন্ধ্যা |
| everyday | এভ্রিডেই | প্রতিদিন |
| family | ফ্যাম্লি | পরিবার |
| friend | ফ্রেন্ড্ | বন্ধু |
| girl | গা:ল | মেয়ে |

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| homework | হৌম্ওয়া:ক | বাড়ির কাজ |
| like | লাইক | পছন্দ করা |
| myself | মাইসেল্ফ্ | নিজে |
| play | প্লেই | খেলা |
| repeat | রিপীট | পুনরাবৃত্তি করা |
| student | স্টিউডন্ট্ | ছাত্র/ছাত্রী |

### মূলপাঠ (TEXT) — অনুশীলন করি ও শিখে নিই (Let's Practice & Learn)

**A** **Look at the picture. What do you see?** [লুক অ্যাট দা পিক্চা(র)। হোঅট্ ডূ ইউ সী?]— ছবিটির দিকে তাকাও। তুমি কী দেখছো?



**Ans.** A girl (আ গা:ল)— একটি মেয়ে।

**B** **Chain drill.** (চেইন ড্রিল।)– চেইন ড্রিল।

**Ask and answer about yourselves (your name, age and what you do).** [আ:স্ক্ আন্ড্ আন্সা(র) আবাউট ইয়ো(র)সেল্ভস্ (ইয়ো(র) নেইম্, এইজ, আন্ড্ হোঅট্ ইউ ডূ।]– নিজের সম্পর্কে জিজ্ঞাসা করো এবং উত্তর দাও (তোমার নাম, বয়স এবং তুমি কী করো)।

S1 : Hello, I am ......... (name). I am 7 years old.
I am a student. Who are you?

S2 : Hello, I am ......... (name) . I am 6 years old.
I am a student too. Who are you?

S3 : Hello, I am ......... .

S4 : ............ Continue ........

**Ans.**

S1 : Hello, I am Rita. I am 7 years old. [হালোউ, আই অ্যাম রিতা, আই অ্যাম সেভ্ন্ ইআ(র)স্ ওউল্ড্।]– হ্যালো, আমি রিতা। আমার বয়স সাত বছর।
I am a student. Who are you?
[আই অ্যাম আ স্টিউডন্ট্। হু আ(র) ইউ?]– আমি একজন ছাত্রী। তুমি কে?

S2 : Hello, I am Ripa. I am 6 years old. [হালোউ, আই অ্যাম রিপা, আই অ্যাম সিক্স্ ইআ(র)স্ ওউল্ড্।]– হ্যালো, আমি রিপা। আমার বয়স ছয় বছর।
I am a student too. Who are you?
[আই অ্যাম আ স্টিউডন্ট্ টু। হু আ(র) ইউ?]– আমিও একজন ছাত্রী। তুমি কে?

S3 : Hello, I am Nitu. (হালোউ, আই অ্যাম নিতু।)– হ্যালো, আমি নিতু।

S4 : ............ Continue ........ (কান্টিনিউ)– চলবে

**C** **Listen to the text and repeat after your teacher.** [লিস্ন্ টু দা টেকস্ট্ আন্ড্ রিপীট আফ্টা(র) ইয়ো(র) টীচা(র)।]– রচনাটি শোনো এবং তোমার শিক্ষকের পরে পুনারাবৃত্তি করো।

| Myself | মাইসেল্ফ্ | আমি নিজে |
|---|---|---|
| My name is Mita. I am seven years old. I am a student. I am in class 2. I go to school everyday. I do my homework in the evening. I like to draw pictures and colour them. I have a brother. I love to play with him. | মাই নেইম্ ইজ্ মিতা। আই অ্যাম সেভ্ন্ ইআ(র)স্ ওউল্ড্। আই অ্যাম আ স্টিউডন্ট্। আই অ্যাম ইন ক্লা:স টূ। আই গৌ টু স্কুল এভ্রিডেই। আই ডূ মাই হৌম্ওয়া:ক্ ইন দি ঈভ্নিং। আই লাইক টু ড্র পিকচা(র)স্ আন্ড্ কালা(র) দেম। আই হ্যাভ্ আ ব্রাদা(র)। আই লাভ্ টু প্লেই উইদ হিম। | আমার নাম মিতা। আমার বয়স সাত বছর। আমি একজন ছাত্রী। আমি দ্বিতীয় শ্রেণিতে পড়ি। আমি প্রতিদিন বিদ্যালয়ে যাই। আমি সন্ধ্যায় আমার বাড়ির কাজ করি। আমি চিত্র অঙ্কন করতে এবং সেগুলো রং করতে পছন্দ করি। আমার এক ভাই আছে। আমি তার সাথে খেলা করতে পছন্দ করি। |

**D** **Read the above text in section C.** (রীড্ দা আবাভ্ টেক্স্ট্ ইন সেক্শন্ সী ।)– সেকশন C-এর রচনাটি পড়ো ।

**Ans.** Do yourselves. (ডু ইয়োরসেল্ভ্স্ ।)– নিজেরা করো ।

**E** **Ask and answer the following questions.** [আ:স্ক্ আন্ড্ আন্সা(র) দা ফলোইং কুএসচ্ন্স্ ।]– নিচের প্রশ্নগুলো জিজ্ঞাসা করো এবং উত্তর দাও ।

1. Who is Mita? (হু ইজ মিতা?)– মিতা কে?
2. How old is she? (হাউ ওউল্ড্ ইজ্ শী?)– তার বয়স কত?
3. Which class is she in? (হুইচ্ ক্লা:স ইজ শী ইন?)– সে কোন শ্রেণিতে পড়ে?
4. When does she do her homework? [হোয়েন ডাজ্ শী ডূ হা(র) হৌম্ওয়া:ক্?]– সে কখন তার বাড়ির কাজ করে?
5. What does she like to do? (হোঅট্ ডাজ শী লাইক্ টু ডূ?)– সে কী করতে পছন্দ করে?

**Ans.**

1. Mita is a student (মিতা ইজ্ আ স্টিউডন্ট্ ।)– মিতা একজন ছাত্রী ।
2. She is seven years old. [শী ইজ সেভ্ন্ ইআ(র)স্ ওউল্ড্ ।]– তার বয়স সাত বছর ।
3. She is in class two. (শী ইজ ইন ক্লা:স টূ ।)– সে দ্বিতীয় শ্রেণিতে পড়ে ।
4. She does her homework in the evening. [শী ডাজ্ হা(র) হৌমওয়া:ক্ ইন দি ঈভ্নিং ।]– সে সন্ধ্যায় তার বাড়ির কাজ করে ।
5. She likes to draw pictures and colour them. [শী লাইক্স্ টু ড্র পিক্চা(র)স্ আন্ড্ কালা(র) দেম ।]– সে ছবি আঁকতে এবং সেগুলোকে রং করতে পছন্দ করে ।

**F** **Ask and answer the following questions. Write them in your exercise book.** [আ:স্ক্ আন্ড্ আন্সা(র) দা ফলোইং কুএসচ্ন্স্ । রাইট দেম ইন ইয়ো(র) ইক্সাসাইজ বুক ।]– নিচের প্রশ্নগুলো জিজ্ঞাসা করো এবং উত্তর দাও । সেগুলোকে তোমার অনুশীলন খাতায় লেখো ।

1. What's your name? [হোঅট্স্ ইয়ো(র) নেইম?]– তোমার নাম কী?
2. Which class are you in? [হুইচ্ ক্লা:স্ আ(র) ইউ ইন?]– তুমি কোন শ্রেণিতে পড়ো?
3. When do you do your homework? [হোয়েন ডূ ইউ ডূ ইয়ো(র) হৌম্ওয়া:ক্?]– তুমি কখন তোমার বাড়ির কাজ করো?
4. What do you like to do? (হোঅট্ ডূ ইউ লাইক্ টু ডূ?)– তুমি কী করতে পছন্দ করো?
5. Who do you play with? (হু ডূ ইউ প্লেই উইদ?)– তুমি কার সাথে খেলা করো?

**Ans.**

1. My name is Palok. (মাই নেইম ইজ পলক ।)– আমার নাম পলক ।
2. I am in class two. (আই অ্যাম ইন ক্লা:স্ টূ ।)– আমি দ্বিতীয় শ্রেণিতে পড়ি ।
3. I do my homework in the evening. (আ ডূ মাই হৌমওয়া:ক্ ইন দি ঈভ্নিং ।)– আমি সন্ধ্যায় আমার বাড়ির কাজ করি ।
4. I like to draw pictures. [আই লাইক টু প্লেই পিক্চা(র)স্ ।]– আমি ছবি আঁকতে পছন্দ করি ।
5. I play with my brother. [আই প্লেই উইদ মাই ব্রাদা(র) ।]– আমি আমার ভাইয়ের সাথে খেলা করি ।

**UNIT-08**
**LESSON-02**

# My mother
## [মাই মাদা(র)] – আমার মা

### পাঠদান কৌশল

এ Lesson-টি অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা নিজের মায়ের সম্পর্কে বলতে শিখবে।

**Activity A**-তে শিক্ষক ছবি দেখিয়ে শিক্ষার্থীদের কাছে জানতে চাইবেন তারা কী দেখছে। সেই ব্যাপারে কিছু প্রশ্নের উত্তর দিতে বলবেন। **Activity B**-তে শিক্ষক তার কথা শুনতে এবং সাথে বলতে বলবেন। **Activity C**-তে আগের পাঠ্যাংশটি সম্পর্কে প্রশ্ন ও উত্তর করতে বলবেন। **Activity D**-তে জোড়ায় ভাগ করে মায়ের সম্পর্কে কথা বলতে সহায়তা করবেন। **Activity E**-তে পাঠ্যাংশ অনুযায়ী শূন্যস্থান পূরণ করতে বলবেন।

### অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারবো–

- Asking short and simple questions about others with appropriate gesture. (যথাযথ অঙ্গভঙ্গির মাধ্যমে অন্যদের সম্পর্কে সংক্ষিপ্ত এবং সরল প্রশ্ন জিজ্ঞেস করা।)
- Responding to the short and simple questions about others for getting information. (তথ্য জানতে অন্যদের সম্পর্কে সংক্ষিপ্ত ও সহজ প্রশ্নের উত্তর দেওয়া।)
- Reading aloud simple sentences with full stops. (দাঁড়িযুক্ত সরল বাক্যকে উচ্চস্বরে পড়া।)
- Getting the specific information provided in simple sentences. (সরল বাক্যে থাকা নির্দিষ্ট তথ্য পাওয়া।)

## VOCABULARY (ভক্যাবিউলারি)– শব্দভাণ্ডার

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| animal | অ্যানিম্ল্ | পশু |
| cowshed | কাউশেড্ | গোয়াল ঘর |
| goat | গোউট্ | ছাগল |
| health | হেল্থ্ | স্বাস্থ্য |
| leave | লীভ্ | পাতা |
| monitor | মনিট(র্) | নজর রাখা |
| mother | মাদা(র্) | মা |

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| name | নেইম্ | নাম |
| people | পীপ্ল্ | মানুষ |
| person | পা:স্ন্ | ব্যক্তি |
| village | ভিলিজ্ | গ্রাম |
| women | উইমেন্ | মহিলা |
| worker | ওয়া:কা(র্) | কর্মী |
| ride | রাইড্ | সাইকেল চালানো |

## মূলপাঠ (TEXT) অনুশীলন করি ও শিখে নিই (Let's Practice & Learn)

**A** **Look at the picture.** What do you see? [লুক অ্যাট দা পিক্চা(র)। হোঅট্ ডু ইউ সী?]– ছবিটির দিকে তাকাও। তুমি কী দেখছো?



1. How many people are there? [হাউ মেনি পীপ্ল্ আ(র) দেয়া(র)?]– সেখানে কতজন মানুষ আছে?
2. Name the animals. (নেইম দা অ্যানিম্ল্স্।)– পশুগুলোর নাম বলো।
3. How many are they? [হাউ মেনি আ(র) দেই?]– তারা কতগুলো?

4. Where are the cows? [হোএআ(র) আ(র) দা কাউস্?]– গরুগুলো কোথায়?
5. What are the goats doing? [হোঅট্ আ(র) দা গোউট্স্ ডূয়িং?]– ছাগলগুলো কী করছে?

**Ans.**

1. There are four people. [দেয়া(র) আ(র) ফো(র) পীপ্ল্ ।]– সেখানে চারজন মানুষ আছে।
2. The names of the animals are cow and goat. (দা নেইম্ অভ্ দা অ্যানিম্ল্স্ ইজ কাউ আন্ড্ গোউট ।)– পশুগুলোর নাম হলো গরু এবং ছাগল।
3. There are two cows and four goats. [দেয়া(র) আ(র) টু কাউস্ আন্ড্ ফো(র) গোউটস্ ।]– দুটি গরু এবং চারটি ছাগল আছে।
4. The cows are in the cowshed. [দা কাউস্ আ(র) ইন্ দা কাউশেড্ ।]– গরুগুলো গোয়ালে আছে।
5. The goats are eating leaves. [দা গোউট্স্ আ(র) ঈটিং লীভ্স্ ।]– ছাগলগুলো পাতা খাচ্ছে।

**B** **Listen to the teacher and repeat after him/her.** [লিস্ন্ টু দা টীচা(র) আন্ড্ রিপীট্ আফ্টা(র) হিম/হা(র) ।]– শিক্ষকের কথা শোনো এবং তার বলার পর পুনারাবৃত্তি করো।



| My Mother | মাই মাদা(র) | আমার মা |
|---|---|---|
| My mother's name is Rahela Khatun. She is a health worker. She rides a motorbike. She goes from one house to another to monitor the health of the women in the village. She takes care of our family. She is a very good person. I love my mother. | মাই মাদা(র)স্ নেইম্ ইজ্ রাহেলা খাতুন। শী ইজ আ হেল্থ্ ওয়া:কা(র)। শী রাইড্স্ আ মোট(র)বাইক। শী গৌস্ ফ্রম ওয়ান হাউস্ টু আনাদা(র) টু মনিট(র) দা হেল্থ অভ্ দা উইমিন্ ইন দা ভিলিজ। শী টেইক্স্ কেয়া(র) অভ্ আওয়া(র) ফ্যাম্লি। শী ইজ আ ভেরি গুড্ পা:স্ন্। আই লাভ্ মাই মাদা(র)। | আমার মায়ের নাম রাহেলা খাতুন। তিনি একজন স্বাস্থ্যকর্মী। তিনি মটর সাইকেলে চড়েন। তিনি গ্রামের মহিলাদের স্বাস্থ্যের খোঁজখবর নিতে এক বাড়ি থেকে অন্য বাড়িতে যান। তিনি আমাদের পরিবারের যত্ন নেন। তিনি খুব ভালো মানুষ। আমি আমার মাকে ভালোবাসি। |

**C** **Read the text in section B. Ask and answer the following questions.** (রীড্ দা টেক্স্ট্ ইন সেক্শ্ন্ বী। আ:স্ক্ আন্ড্ আন্সা(র) দা ফলোইং কুএসচন্স্ ।– সেকশন B-এর রচনাটি পড়ো। নিচের প্রশ্নগুলো জিজ্ঞাসা করো এবং উত্তর দাও।



1. Who is Mita's mother? [হু ইজ মিতাস মাদা(র)?]– মিতার মা কে?
2. What does she do? (হোঅট্ ডাজ শী ডূ?)– তিনি কী করেন?
3. What does she rides on? (হোঅট্ ডাজ শী রাইড্স্?)– তিনি কীসে চড়েন?
4. What does she take care of? [হোঅট্ ডাজ শী টেইক কেয়া(র) অভ্?] – তিনি কী দেখাশোনা করেন?

**Ans.**

1. Mita's mother is Rahela Khatun. [মিতাস্ মাদা(র) ইজ রাহেলা খাতুন।]– মিতার মা হলেন রাহেলা খাতুন।
2. She is a health worker. [শী ইজ আ হেল্থ্ ওয়া:কা(র)।]– তিনি একজন স্বাস্থ্যকর্মী।
3. She rides on motorbike. [শী রাইড্স্ অন্ মোট(র)বাইক।]– তিনি মটরসাইকেলে চড়েন।
4. She takes care of her family. (শী টেইক্স্ কেয়া(র) অভ্ আওয়া(র) ফ্যামিলি।]– তিনি তার পরিবারের যত্ন নেন।

**D** **Pairwork.** [পেয়া(র)ওয়া:ক্]– দলগত কাজ।

S1 : What's your mother's name? What does she do? [হোঅট্স্ ইয়ো(র) মাদা(র)স্ নেইম? হোঅট্ ডাজ্ শী ডূ?]– তোমার মায়ের নাম কী? তিনি কী করেন?

S2 : My mother's name is ............ (name of the student's mother). আমার মায়ের নাম .............. (ছাত্রের মায়ের নাম)

She is a ........ (name of the profession/work). – তিনি একজন ..... (পেশার নাম)

S3 : What's your mother's name? What does she do? [হোঅট্স্ ইয়ো(র) মাদা(র)স্ নেইম? হোঅট্ ডাজ শী ডূ?]– তোমার মায়ের নাম কী? তিনি কী করেন?

S4 : (will answer).

Continue....

**Ans.**

S2 : My mother's name is <u>Fatema Khatun</u>. [মাই মাদা(র)স্ নেইম ইজ ফাতেমা খাতুন।]– আমার মায়ের নাম <u>ফাতেমা খাতুন</u>।

She is a <u>housewife</u>. (শী ইজ আ হাউস্ওয়াইফ)– তিনি একজন গৃহিনী।

**E** **Read the text in B again. Now, fill in the blanks with suitable word/s.**
(রীড্ দা টেক্স্ট্ ইন্ বী আগেইন। নাউ ফিল ইন দা ব্ল্যাঙ্ক্স্ উইদ সূইটাব্ল্ ওয়া:ড্স্।)– রচনা B আবার পড়ো। এখন শূন্যস্থানগুলো সঠিক শব্দ দ্বারা পূরণ করো।

(a) Rahela Khatun is .........– রাহেলা খাতুন ...............।
(b) She ........ motorbike.– তিনি মটরসাইকেলে .............।
(c) She monitor the health of the ........ .– তিনি ........... স্বাস্থ্যের খোঁজ খবর নেন।
(d) Rahela Khatun takes care of her ........ .– রাহেলা খাতুন তার ........ যত্ন নেন।

**Ans.**

(a) Rahela Khatun is <u>a health worker.</u> [রাহেলা খাতুন ইজ আ হেল্থ্ ওয়া:কা(র)]– রাহেলা খাতুন একজন স্বাস্থ্যকর্মী।
(b) She <u>rides on</u> motorbike. [শী রাইড্স্ অন মোট(র)বাইক।]– তিনি মটরসাইকেলে চড়েন।
(c) She monitors the health of the <u>women in the village.</u> [শী মনিট(র)স্ দা হেল্থ্ অভ্ দা উইমিন ইন দা ভিলিজ।]– তিনি গ্রামের নারীদের স্বাস্থ্যের খোঁজখবর নেন।
(d) Rahela Khatun takes care of her <u>family.</u> [রাহেলা খাতুন টেইক্স্ কেয়া(র) অভ্ হা(র) ফ্যামিলি।]– রাহেলা খাতুন তার পরিবারের যত্ন নেন।

# UNIT-08 LESSON-03

## My father
[মাই ফাদা(র)] – আমার বাবা

### পাঠদান কৌশল

এ Lesson-টি অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা নিজের বাবা সম্পর্কে বলতে শিখবে।

এ Lesson-টি অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা Activity A-তে শিক্ষক ছবি দেখিয়ে শিক্ষার্থীদের কাছে জানতে চাইবেন তারা কী দেখছে। Activity B-তে একটি পাঠ্যাংশ পড়তে বলবেন। Activity C-তে কিছু প্রশ্ন জিজ্ঞেস করতে এবং উত্তর করতে বলবেন। Activity D-তে কিছু প্রশ্ন করে এবং উত্তর দিয়ে সেগুলো খাতায় লিখতে বলবেন।

### অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারবো–

- Asking short and simple questions about others with appropriate gesture. (যথাযথ অঙ্গভঙ্গির মাধ্যমে অন্যদের সম্পর্কে সংক্ষিপ্ত এবং সহজ প্রশ্ন জিজ্ঞেস করা।)
- Responding to the short and simple questions about others for getting information. (তথ্য জানতে অন্যদের সম্পর্কে সংক্ষিপ্ত ও সহজ প্রশ্নের উত্তর দেওয়া।)
- Getting the specific information provided in simple sentences. (সরল বাক্যে থাকা নির্দিষ্ট তথ্য পাওয়া।)
- Writing familiar words neatly and legibly. (পরিচিত শব্দ পরিচ্ছন্ন ও স্পষ্টভাবে লেখা।)
- Writing simple sentences in correct spelling. (সঠিক বানানে সরল বাক্য লেখা।)

### VOCABULARY (ভক্যাবিউলারি)– শব্দভান্ডার

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| animal | অ্যানিম্‌ল | পশু |
| cook | কুক্ | রান্না করা |
| farmer | ফা:মা(র) | কৃষক |
| father | ফাদা(র) | বাবা |

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| field | ফীল্‌ড্ | জমি/ক্ষেত |
| help | হেল্‌প্ | সাহায্য করা |
| look after | লুক আফটা(র) | দেখাশোনা করা |
| take care | টেইক্ কেয়া(র) | যত্ন নেওয়া |

### মূলপাঠ (TEXT) অনুশীলন করি ও শিখে নিই (Let's Practice & Learn)

**A What do you see in the picture?**
[হোআট্ ডু ইউ সী ইন দা পিক্‌চা(র)?]– ছবিতে তুমি কী দেখতে পাচ্ছো?



**Ans.**
A man is working in the field.
(আ ম্যান ইজ ওয়া:কিং ইন্ দা ফীল্‌ড্।)– একজন লোক ক্ষেতে কাজ করছে।

**B** **Read the text below.** (রীড্ দা টেক্স্ট্ বিলোউ।)– নিচের রচনাটি পড়ো।



| My Father | মাই ফাদা(র) | আমার বাবা |
|---|---|---|
| My father's name is Akbar Ali. He is a farmer. He works in other people's field. He helps my mother to look after us. He also cooks for us. He takes care of the animals too. | মাই ফাদা(র)স্ নেইম ইজ আকবর আলি। হী ইজ আ ফা(র)মা(র)। হী ওয়া:ক্স্ ইন আদা(র) পীপ্ল্স্ ফীল্ড্। হী হেল্প্স্ মাই মাদা(র) টু লুক আফটা(র) আস। হী ও:লসোউ কুক্স্ ফ(র) আস্। হী টেইক্স্ কেয়া(র) অভ্ দা অ্যানিম্ল্স্ টু। | আমার বাবার নাম আকবর আলী। তিনি একজন কৃষক। তিনি অন্য লোকের জমিতে/ক্ষেতে কাজ করেন। তিনি আমাদের দেখাশোনা করতে আমার মাকে সহায়তা করেন। তিনি আমাদের জন্য খাবারও রান্না করেন। তিনি পশুদের যত্নও নিয়ে থাকেন। |

**C** **Ask and answer the following questions.** [আ:স্ক্ আন্ড্ আন্সা(র) দা ফলোইং কুএসচ্ন্স্।]– নিচের প্রশ্নগুলো জিজ্ঞাসা করো এবং উত্তর দাও।

1. What's the name of Mita's father? [হোঅট্স্ দা নেইম অভ্ মিতাস্ ফাদা(র)?]– মিতার বাবার নাম কী?
2. What does he do? (হোঅট্ ডাজ হী ডু?)– তিনি কী করেন?
3. Where does he work? [হোএআ(র) ডাজ হী ওয়া:ক।]– তিনি কোথায় কাজ করেন?
4. How does he help mother? [হাউ ডাগ হী হেল্প্ মাদা(র)?]– তিনি মাকে কীভাবে সহায়তা করেন?

**Ans.**

1. The name of Mita's father is Akbar Ali. [দা নেইম্ অভ্ মিতাস্ ফাদা(র) ইজ আকবর আলি।]– মিতার বাবার নাম আকবর আলী।
2. He is a farmer. [হী ইজ আ ফা(র)মা(র)।]– তিনি একজন কৃষক।
3. He works in other people's field. [হী ওয়া:ক্স্ ইন আদা(র) পীপ্ল্স্ ফীল্ড্।]– তিনি অন্য লোকের জমিতে কাজ করেন।
4. He helps mother to look after the family. [হী হেল্প্স্ আদা(র) টু লুক আফটা(র) দা ফ্যাম্লি।]– তিনি পরিবারের দেখাশোনা করতে মাকে সাহায্য করেন।

**D** **Ask and answer questions. Write them in your exercise book.** [আ:স্ক্ আন্ড্ আন্সা(র) কুএশ্চ্ন্স্। রাইট দেম ইন ইয়ো(র) ইক্সাইসাইজ বুক।]– প্রশ্নগুলো জিজ্ঞাসা করো এবং উত্তর দাও। তোমার অনুশীলন বই-এ উত্তরগুলো লেখো।

1. What's your mother's name? (Student's mother's name) [হোঅট্স্ ইয়ো(র) মাদা(র)স্ নেইম? (স্টিউডন্ট্স্ মাদা(র)স্ নেইম)]– তোমার মায়ের নাম কী?
2. What does she do? (হোঅট্ ডাজ্ শী ডু?)– তিনি কী করেন?

3. What's your father's name? [হাঅট্স্ ইয়ো(র) ফাদা(র)স্ নেইম?]– তোমার বাবার নাম কী?
4. What does he do? (হোঅট ডাজ হী ডূ?)– তিনি কী করেন?
5. How does he help in the family? (হাউ ডাজ্ হী হেল্প্ ইন্ দা ফ্যাম্লি?)– তিনি কীভাবে পরিবারে সাহায্য করেন?

**Ans.**

1. My mother's name is Laila Khatun. [মাই মাদা(র)স্ নেইম ইজ লায়লা খাতুন।]– আমার মায়ের নাম লায়লা খাতুন।
2. She is a teacher. [শী ইজ আ টীচা(র)।]– তিনি একজন শিক্ষিকা।
3. My father's name is Afsar Ali. [মাই ফাদা(র)স্ নেইম ইজ আফসার আলি।]– আমার বাবার নাম আফসার আলী।
4. He is a businessman. (হী ইজ আ বিজনেস্ম্যান।)– তিনি একজন ব্যবসায়ী।
5. He helps in the family buying necessary goods from the market. (হী হেল্প্স্ ইন দা ফ্যাম্লি বায়িং নেসেসারি গুড্স্ ফ্রম দা মা:কেট।)– তিনি বাজার থেকে প্রয়োজনীয় দ্রব্যাদি কিনে পরিবারে সাহায্য করেন।

## UNIT-08 LESSON-04

## My brother
## [মাই ব্রাদা(র্)] – আমার ভাই

### পাঠদান কৌশল

এ Lesson-টি অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা নিজের ভাই সম্পর্কে বলতে শিখবে। **Activity A**-তে শিক্ষক ছবি দেখিয়ে শিক্ষার্থীদের কাছে জানতে চাইবেন তারা কী দেখছে। **Activity B**-তে একটি পাঠ্যাংশ পড়তে বলবেন। **Activity C**-তে পাঠ্যাংশের তথ্য দিয়ে শূন্যস্থান পূরণ করতে বলবেন। **Activity D**-তে জোড়ায় ভাগ করে পরস্পরের সম্বন্ধে প্রশ্নোত্তর করতে বলবেন। **Activity E**-তে সেই উত্তরগুলো লিখতে বলবেন। **Activity F**-এ article দিয়ে শূন্যস্থান পূরণ করতে বলবেন। **Activity G**-তে শিক্ষক সংলাপগুলোতে বিরামচিহ্ন বসাতে বলবেন।

### অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারবো–

- Reading aloud simple sentences. (সরল বাক্য উচ্চস্বরে পড়া।)
- Getting the specific information provided in simple sentences. (সরল বাক্যে থাকা নির্দিষ্ট তথ্য পাওয়া।)
- Asking short and simple questions about others with appropriate gestures. (যথাযথ অঙ্গভঙ্গির মাধ্যমে অন্যদের সম্পর্কে সংক্ষিপ্ত ও সহজ প্রশ্ন জিজ্ঞেস করা।)
- Responding to the short and simple questions about others for getting information. (তথ্য জানতে অন্যদের সম্পর্কে সংক্ষিপ্ত ও সহজ প্রশ্নের উত্তর দেওয়া।)
- Writing familiar words neatly and legibly. (পরিচিত শব্দ পরিচ্ছন্ন ও স্পষ্টভাবে লেখা।)
- Writing simple sentences in correct spelling. (সঠিক বানান দিয়ে সরল বাক্য লেখা।)
- Using punctuation marks in simple sentence. (সরল বাক্যে বিরামচিহ্ন ব্যবহার করা।)
- Using articles (a, an) in short phrases. (সংক্ষিপ্ত শব্দগুচ্ছে article ব্যবহার করা।)

### VOCABULARY (ভক্যাবিউলারি)– শব্দভাণ্ডার

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| brother | ব্রাদা(র) | ভাই |
| chicken | চিকিন্ | মুরগি |
| domestic | ডমেস্টিক | পোষা |
| duck | ডাক্ | হাঁস |
| egg | এগ্ | ডিম |
| happy | হ্যাপি | সুখী |

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| help | হেল্প | সাহায্য করা |
| homework | হৌমওয়া:ক | বাড়ির কাজ |
| love | লাভ্ | ভালোবাসা |
| morning | মো:নিঙ্ | সকাল |
| parents | পেআরান্ট্স্ | বাবা-মা |
| together | টুগেদা(র) | একসাথে |

মূলপাঠ (TEXT) ৩ অনুশীলন করি ও শিখে নিই (Let's Practice & Learn)

**A** **Look at the picture. What do you see?** [লুক্ অ্যাট দা পিক্চা(র)। হোঅট্ ডু ইউ সী?]— ছবিটির দিকে তাকাও। তুমি কী দেখতে পাচ্ছো?



**Ans.**
A boy is going to school. (আ বয় ইজ গোউইং টু স্কুল।)— একটি বালক/ছেলে বিদ্যালয়ে যাচ্ছে।

**B** **Read the text below.** (রীড্ দা টেক্স্ট্ বিলো।)— নিচের রচনাটি পড়ো।

| My Brother | মাই ব্রাদা(র) | আমার ভাই |
|---|---|---|
| This is my brother Kamal. He is ten years old. He is in class five. He helps me with my homework. He loves to play. We play together. My brother helps our parents. Our parents love us very much. We are a happy family. | দিস্ ইজ মাই ব্রাদা(র) কামাল। হী ইজ টেন ইয়া(র)স্ ওউল্ড্। হী ইজ ইন ক্লা:স্ ফাইভ্। হী হেল্প্স্ মী উইদ মাই হৌমওয়া:ক। হী লাভ্স্ টু প্লেই টুগেদা(র)। মাই ব্রাদা(র) হেল্প্স্ আওয়া(র) পেআরান্ট্স্। আওয়া(র) পেআরান্ট্স্ লাভ্ আস্ ভেরি মাচ। উঈ আ(র) আ হ্যাপি ফ্যাম্লি। | এটি হলো আমার ভাই কামাল। তার বয়স দশ বছর। সে পঞ্চম শ্রেণিতে পড়ে। সে আমার বাড়ির কাজে সাহায্য করে। সে খেলতে ভালোবাসে। আমরা একসাথে খেলা করি। আমার ভাই আমাদের বাবা-মাকে সাহায্য করে। আমাদের বাবা-মা আমাদেরকে অনেক ভালোবাসে। আমরা একটি সুখী পরিবার। |

**C** **Read the above text and fill in the blanks.** (রীড্ দা আবাভ্ টেক্স্ট্ আন্ড্ ফিল ইন দা ব্ল্যাঙ্ক্স্।)— উপরের রচনাটি পড়ো এবং শূন্যস্থানগুলো পূরণ করো।

1. Kamal is ....... old.
2. He is in class .......
3. He helps Mita with her .........
4. He loves to play .........

**Ans.**
1. Kamal is <u>ten years</u> old. [কামাল ইজ টেন ইয়া(র)স্ ওউল্ড্।]— কামালের বয়স দশ বছর।
2. He is in class <u>five</u>. (হী ইজ ইন ক্লা:স্ ফাইভ্)— সে পঞ্চম শ্রেণিতে পড়ে।
3. He helps Mita with her <u>homework.</u> [হী হেল্প্স্ উইদ হা(র) হৌম্ওয়া:ক।]— সে মিতাকে তার বাড়ির কাজে সাহায্য করে।
4. He loves to play <u>together.</u> [হী লাভ্স্ টু প্লেই টুগেদা(র)।]— সে একসাথে খেলতে ভালোবাসে।

**D** **Pair work.**[পেআ(র) ওয়া:ক ।]– দলগত কাজ।

**Ask and answer these questions about yourselves.** [আ:স্‌ক্ আন্‌ড্ আন্‌সা(র) দীজ্ কুএসচন্‌স্ আবাউট ইয়ো(র)সেলভ্‌স্ ।]– নিজের সম্পর্কে এই প্রশ্নগুলো জিজ্ঞাসা করো এবং উত্তর দাও।

1. How many brothers and sisters do you have? [হাউ মেনি ব্রাদা(র)স্ আন্‌ড্ সিস্‌টা(র)স্ ডূ ইউ হ্যাভ্?]– তোমার কতগুলো ভাই এবং বোন আছে?
2. How old is your brother/sister? [হাউ ওউল্‌ড্ ইজ ইয়ো(র) ব্রাদা(র)/সিস্‌টা(র)?]– তোমার ভাই/বোনের বয়স কত?
3. What does your brother/sister do? [হোঅট্ ডাজ ইয়ো(র) ব্রাদা(র)/সিস্‌টা(র) ডূ?]– তোমার ভাই/বোন কী করে?
4. Who helps you with your homework? [হু হেল্‌প্‌স্ ইউ উইদ ইয়ো(র) হৌমওয়া:ক্?]– তোমার বাড়ির কাজে কে তোমাকে সাহায্য করে?

**Ans.**

1. I have one brother. [আই হ্যাভ্ ওয়ান ব্রাদা(র) ।]– আমার একটি ভাই আছে।
2. My brother is eleven years old. [মাই ব্রাদা(র) ইজ ইলেভ্‌ন্ ইআ(র)স্ ওউল্‌ড্ ।]– আমার ভাইয়ের বয়স এগারো বছর।
3. My brother is a student. [মাই ব্রাদা(র) ইজ আ স্টিউড্‌ন্‌ট্ ।]– আমার ভাই একজন ছাত্র।
4. My brother helps me with my homework. [মাই ব্রাদা(র) হেল্‌প্‌স্ মী উইদ মাই হৌমওয়া:ক ।]– আমার ভাই আমার বাড়ির কাজে সাহায্য করে।

**E** **Now, write down the answers to the questions in D above.** [নাউ রাইট ডাউন দা আন্‌সা(র)স্ টু দা কুএস্‌চন্‌স্ ইন ডী আবাভ্ ।]– এখন উপরের D-এর প্রশ্নগুলোর উত্তর লেখো।

**Ans.**

1. I have one brother. [আই হ্যাভ্ ওয়ান ব্রাদা(র) ।]– আমার একটি ভাই আছে।
2. My brother is eleven years old. [মাই ব্রাদা(র) ইজ ইলেভ্‌ন্ ইয়া(র)স্ ওউল্‌ড্ ।]– আমার ভাইয়ের বয়স এগার বছর।
3. My brother is a student. [মাই ব্রাদা(র) ইজ আ স্টুউড্‌ন্ ।]– আমার ভাই একজন ছাত্র।
4. My brother helps me with my homework. [মাই ব্রাদা(র) হেল্‌প্‌স্ মী উইদ মাই হৌমওয়া:ক ।]– আমার ভাই আমার বাড়ির কাজে সাহায্য করে।

**F** **Fill in the blanks with a, an, the.** (ফিল ইন দা ব্ল্যাঙ্‌ক্‌স্ উইদ এই, আন্, দি ।)– a, an, the দ্বারা শূন্যস্থান পূরণ করো।

Mita is .... girl. She has .... brother. Mita has ...egg every morning. Their mother is .... health worker. Their father is .... farmer. He needs .... umbrella to go to work.

**Ans.**

Mita is <u>a</u> girl. She has <u>a</u> brother. Mita has <u>an</u> egg every morning. Their mother is <u>a</u> health worker. Their father is <u>a</u> farmer. He needs <u>an</u> umbrella to go to work. (মিতা একজন ছাত্রী। তার একটি ভাই আছে। মিতা প্রতিদিন একটি করে ডিম খায়। তাদের মা একজন স্বাস্থ্যকর্মী। তাদের বাবা একজন কৃষক। কাজ করতে যেতে তার একটি ছাতা প্রয়োজন।)

**G Put , (coma), . (full stop), and ? (question mark).**– কমা (,), ফুল স্টপ (.) এবং প্রশ্নবোধক চিহ্ন (?) বসাও।

**Ans.**




## UNIT-08 LESSON-05

## A rhyme
## (আ রাইম) – একটি ছড়া

### পাঠদান কৌশল

এ Lesson-টি অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা বংশলতিকা চিনতে শিখবে। **Activity A**-তে শিক্ষক শিক্ষার্থীদের ছড়া শোনাবেন এবং তার সাথে আবৃত্তি করতে বলবেন। **Activity B**-তে শিক্ষার্থীদের দলে ভাগ করে দেবেন এবং তাদের ছড়াটি পড়ে পরিবারের সম্পর্কে বলতে বলবেন। **Activity C**-তে সকলে সমস্বরে ছড়াটি আবৃত্তি করবে।

### অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারবো–

- Listening to rhymes and respond with joy. (ছড়া শোনা এবং আনন্দের সাথে সাড়া দেওয়া।)

### VOCABULARY (ভক্যাব্যিউলারি)– শব্দভাণ্ডার

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| another | আনাদা(র) | অন্য |
| cousin | কাজ়িন্ | চাচাতো/মামাতো/খালাতো/ফুফাতো ভাই/বোন |
| family | ফ্যাম্‌লি | পরিবার |
| grandpa | গ্রান্‌ড্‌পা | দাদা |
| member | মেম্বা(র) | সদস্য |

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| rhyme | রাইম | ছড়া |
| sister | সিস্‌টা(র) | বোন |
| spend | স্পেন্‌ড্ | অতিবাহিত করা, কাটানো |
| teacher | টীচা(র) | শিক্ষক |
| tell | টেল | বলা |

মূলপাঠ (TEXT) অনুশীলন করি ও শিখে নিই (Let's Practice & Learn)

**A Listen to the rhyme and recite with your teacher.** [লিস্‌ন্ টু দা রাইম আন্‌ড্ রিসাইট্ উইদ ইয়ো(র) টীচা(র)]– ছড়াটি শোনো এবং তোমার শিক্ষকের সাথে আবৃত্তি করো।

**Family**

Come with me, and meet my family
Mother, father, sister, brother and me
There are some more members I tell you
Grandpa, grandma, uncle, aunt and cousins too
We spend time together
And help one another.
I love them, and they love me
We are all a happy family.



| ফ্যামিলি | পরিবার |
|---|---|
| কাম উইদ মী, আন্‌ড্ মীট মাই ফ্যামিলি | এসো আমার সাথে, দেখো আমার পরিবার |
| মাদা(র), ফাদা(র), সিস্‌টা(র), ব্রাদা(র) আন্‌ড্ মী | আছে মা-বাবা ভাই-বোন সবাই সবার |
| দেয়া(র) আ(র) সাম মো(র) মেম্বা(র)স্ আই টেল ইউ | আরও ক'জন আছে মোদের বলছি তুমি শোনো |
| গ্রান্‌ড্‌পা, গ্রান্‌ড্‌মা, আঙ্‌ক্‌ল্, আ:ন্‌ট্ আন্‌ড্ কাজিন্‌স্ টু | দাদা-দাদি, চাচা-চাচি, চাচাতো ভাই/বোন ও |
| উঈ স্পেন্‌ড্ টাইম্ টুগেদা(র) | একই সাথে আমরা সবাই মিলেমিশে থাকি |
| আন্‌ড্ হেল্‌প্ ওয়ান আনাদা(র) | সবাই সবাইকে দেখে-শুনে রাখি |
| আই লাভ্ দেম, আন্‌ড্ দেই লাভ্ মী | স্নেহ-মায়া-ভালোবাসায় আমরা সবাই সবার |
| উঈ আ(র) ও:ল আ হ্যাপি ফ্যামিলি | সবাই মিলে আমরা একটি সুখী পরিবার। |

**B Group work.** (গ্রুপ ওয়া:ক্।)– দলগত কাজ।

**Read the rhyme and find out how many members there are in the family.** [রীড দা রাইম আন্‌ড্ ফাইন্‌ড্ আউট হাউ মেনি মেম্‌বা(র)স্ দেয়া(র) আ(র) ইন্ দা ফ্যামিলি।]– ছড়াটি পড়ো এবং পরিবারটিতে কতজন সদস্য খুঁজে বের করো।

**Ans.** Ten members [টেন্ মেম্‌বা(র)স্]– দশজন সদস্য

**C Recite the rhyme in chorus.** (রিসাইট দা রাইম ইন্ কোরাস্।)– ছড়াটি সমস্বরে আবৃত্তি করো।

**Ans.** Do yourselves. (ডু ইয়োরসেল্‌ভ্‌স্।)– নিজেরা করো।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

**Listening (শোনা)** শিক্ষকের নিকট শুনে লিখি

**Fill in the blanks with a, an and the.** (a, an এবং the দ্বারা শূন্যস্থান পূরণ করো।)

Zoya is (a) — girl. She is (b) — only child of her parents. She eats (c) — egg with bread for breakfast. Her father is (d) — police officer. Her mother is (e) — assistant health officer.

**Ans.**

(a) a (b) the (c) an (d) a (e) an

**Speaking (বলা)** শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**Write the meaning of the following words.** (নিচের শব্দগুলোর অর্থ লেখো।)

(a) ride (b) health (c) monitor (d) village (e) take care

**Ans.**

(a) ride – সাইকেল, মোটরসাইকেল ইত্যাদি চালানো
(b) health – স্বাস্থ্য
(c) monitor – নিয়মিত নজর রাখা
(d) village – গ্রাম
(e) take care – যত্ন নেওয়া

**Reading (পড়া)** নিচের প্রশ্নটির উত্তর দিই

**Rearrange the letters to form words.** (বর্ণগুলোকে সাজিয়ে শব্দ বানাও।)

(a) myfail (b) endps (c) totherge
(d) eecirt (e) myrhe

**Ans.**

(a) family (b) spend (c) together
(d) recite (e) rhyme

**Writing (লেখা)** নিচের প্রশ্নটির উত্তর লিখি

**Make sentence with the following words.**
(শব্দগুলো দ্বারা বাক্য তৈরি করো।)
old, help, play, together, happy

**Ans.**

Old = My grandfather is 70 years old.
Help = I help my sister.
Play = We play football in the afternoon.
Together = They live together happily.
Happy = He is very happy.

**শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন** নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

| Domain (মূল্যায়ন ক্ষেত্র) | Assessment Indicators (মূল্যায়ন নির্দেশক) | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| Knowledge (জ্ঞান) | S answers the question about him/her. | | | |
| | S answers the questions. | | | |
| | S asks short and simple questions about others after the teacher. | | | |
| | S learns about article and punctuation and their uses. | | | |
| | S reads the texts. | | | |
| | S recites the rhyme. | | | |
| | S repeats familiar words after teacher. | | | |
| Skill (দক্ষতা) | S gives self introduction properly. | | | |
| | S answers short and simple questions about others. | | | |
| | S asks and answers the questions properly. | | | |
| | S finds out the answers to the questions from the text properly. | | | |
| | S finds out the missing words from the text properly. | | | |
| | S recites the rhyme properly. | | | |
| | S responds to short and simple questions about others. | | | |
| | S uses articles and punctuation marks properly. | | | |
| | S writes familiar words neatly and legibly. | | | |
| | S writes simple sentences in correct spelling. | | | |
| | Student reads the text properly. | | | |

| Domain (মূল্যায়ন ক্ষেত্র) | Assessment Indicators (মূল্যায়ন নির্দেশক) | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| Attitude and Values (দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ) | S answers the questions properly and help others to answer. | | | |
| | S asks and responds to short and simple questions about themselves and others with appropriate gesture. | | | |
| | S asks and responds to the questions with appropriate gestures. | | | |
| | S reads the text and gets the specific information effectively. | | | |
| | S recites the rhyme with appropriate gestures. | | | |
| | S writes the answers to the questions perfectly. | | | |
| | Student answers the questions properly. | | | |

## ধারাবাহিক/শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ ধারাবাহিক মূল্যায়ন-০৮ সময় : ...............

শিক্ষার্থীর নাম : ................................ শ্রেণি : ................................ রোল নম্বর : ☐

1. **Fill in the gap to make word.** (শূন্যস্থান পূরণ করে শব্দ তৈরি করো।)
   (a) pi_tu_e (b) co_o_r (c) s_h_ol
   (d) p_ay (e) s_ude_t
2. **Fill in the blanks with correct words.** (সঠিক শব্দ দ্বারা শূন্যস্থান পূরণ করো।)
   (a) Akbar Ali is a——.
   (b) He—— in other people's field.
   (c) His—— looks after them.
   (d) Akbar Ali takes care of the——.
   (e) Akbar Ali is his——.
3. **Write true or false.** (সত্য অথবা মিথ্যা লেখো।)
   (a) Kamal is 12 years old.
   (b) He reads in class five.
   (c) He loves to read.
   (d) Kamal helps his perents.
   (e) He helps his brother.

**উত্তরমালা**

1. (a) pic<u>t</u>u<u>r</u>e (b) col<u>o</u>ur (c) s<u>c</u>h<u>o</u>ol (d) p<u>l</u>ay (e) st<u>u</u>den<u>t</u>
2. (a) farmer (b) works (c) mother (d) animals (e) father
3. (a) False; (b) True; (c) False; (d) True; (e) True.

মূল্যায়ন রিপোর্ট ▶ প্রাপ্ত নম্বর ☐ শিখনের অর্জিত মাত্রা ☐